

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
মাঠ প্রশাসন-৪ শাখা
www.mopa.gov.bd

নং-০৫.০০.০০০০.১৪০.১৯.০০৭.১৫-২৮৩

তারিখ: ২৭ বৈশাখ, ১৪২২
১০ মে, ২০১৫


বিষয়: নির্বাহী ম্যাজিস্ট্রেট নিয়োগ।

সূত্র: নির্বাচন কমিশন, সচিবালয় এর ০৭-৫-২০১৫ খ্রিঃ তারিখের স্মারক নং-১৭.০০.০০০০.০৪৬.১১.০০৭.১২-৪৮।

উপরিউক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ১১ মে, ২০১৫ খ্রিঃ তারিখ সোমবার ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের ৮ নং সাধারণ ওয়ার্ডের ১৫১, কমলাপুর শেরে বাংলা রেলওয়ে উচ্চ বিদ্যালয়, দক্ষিণ কমলাপুর (মূল ভবন) কেন্দ্র-১, ৩৪ নং সাধারণ ওয়ার্ডের ৫৬৫, সুরিটোলা মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়, ১৩৫, শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণি (নর্থ সাউথ রোড), ঢাকা (পুরুষ ও মহিলা), কেন্দ্র-২ (৩য় ও ৪র্থ তলা) এবং ৫৩ নং সাধারণ ওয়ার্ডের ৮০৭, জুরাইন আশ্রাফ মাস্টার আদর্শ উচ্চ বিদ্যালয়, শ্যামপুর, ঢাকা (২য় তলা, রুম নং ২০১-২০৫), (মহিলা ভোটের-১), কেন্দ্র-৩ এ পুনঃভোট গ্রহণ অনুষ্ঠিত হবে। উক্ত নির্বাচন উপলক্ষে মোবাইল কোর্ট আইন, ২০০৯-এর আওতায় আইন শৃঙ্খলা রক্ষা এবং অপরাধ প্রতিরোধ কার্যক্রম এবং উক্ত আইনের তফসিলে বর্ণিত স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯ অনুযায়ী আচরণ বিধি লংঘন সংক্রান্ত মোবাইল কোর্ট পরিচালনার লক্ষ্যে শুধুমাত্র ভোট গ্রহণের দিন অর্থাৎ ১১ মে, ২০১৫ খ্রিঃ তারিখে উল্লিখিত ভোট কেন্দ্রের প্রতিটির জন্য ০১ (এক) জন করে মোট ০৩ (তিন) জন নির্বাহী ম্যাজিস্ট্রেট নিয়োগের জন্য নির্বাচন কমিশন সচিবালয় কর্তৃক সূত্রোক্ত পত্রের মাধ্যমে অনুরোধ জানানো হয়েছে।

এমতাবস্থায়, সূত্রোক্ত পত্রের মর্মানুযায়ী ০৩ (তিন) জন নির্বাহী ম্যাজিস্ট্রেট নিয়োগের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে এ মন্ত্রণালয়কে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

সংযুক্ত: বর্ণনামতে।


(শাহানারা ইয়াসমিন লিলি)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫১৪০৭৪

বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট

ঢাকা।

অনুলিপি:

- ০১। সচিব, বাংলাদেশ নির্বাচন কমিশন সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
(দৃষ্টি আকর্ষণ: সিনিয়র সহকারী সচিব, আইন-২)।
- ০২। বিভাগীয় কমিশনার, ঢাকা।
- ০৩। সিনিয়র সিস্টেমস্ এনালিস্ট, পি.এ.সি.সি, জনপ্রশাসন মন্ত্রণালয়। ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ।